তোমাদের জন্য আল্লাহর কাছে যা রয়েছে, তা যদি তোমরা জানতে, তাহলে তোমরা এর চেয়েও বেশি অভাব ও দারিদ্র্য পছন্দ করতে।

ফুদালাহ ইবন উবাইদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম যখন লোকেদের নিয়ে সালাত পড়তেন, তখন কিছু লোক ক্ষুধার কারণে (দুর্বল হয়ে) দাঁড়ানো থেকে পড়ে যেতেন, আর তাঁরা ছিলেন আহলে সুফ্ফাহ। এমনকি মরুবাসী বেদুঈনরা বলত, ‘এরা পাগল।’ অতঃপর যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম
সালাত পড়ে তাদের দিকে মুখ ফিরালেন, তখন বললেন, “তোমাদের জন্য আল্লাহর কাছে যা রয়েছে,
তা যদি তোমরা জানতে, তাহলে তোমরা এর চেয়েও বেশি অভাব ও দারিদ্র্য পছন্দ করতে।”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

হাদীসটিতে এসেছে, কতক লোক সালাতের মধ্যে দুর্বলতা ও ক্ষুধার কারণে দাঁড়ানো থেকে পড়ে যেতেন। আর তারা ছিলেন আহলে সুফ্ফাহ। দুনিয়াবিমুখ, গরীব ও অসহায় সাহাবী। তাদের সংখ্যা ছিল সত্তুর জন। এ সংখ্যা কখনো বাড়তো আবার কখনো কমতো। তারা মসজিদের আঙ্গিনায় বসবাস করতেন। তাদের কোনো ঘরবাড়ী, সন্তান-সন্ততি ও সম্পদ ছিল না। এমনকি মরুবাসী বেদুঈনরা বলত, ‘এরা পাগল।’ তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাদের উদ্দেশ্যে বললেন “তোমাদের জন্য আল্লাহর কাছে যা রয়েছে, তা যদি তোমরা জানতে, তাহলে তোমরা পছন্দ করতে যে, তোমাদের অভাব ও দারিদ্র্য এর চাইতেও বেশি বেড়ে যাক।

https://sunnah.global/hadeeth/bn/show/5825